

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাতার, ঢাকা
www.shniyd.gov.bd
E-mail-shnycbd@gmail.com

বিষয়: নৈতিকতার কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মহাপরিচালক,
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সভার তারিখ : ২৬.০৯.২০২২খ্রি.
বার ও সময় : সোমবার ও সকাল ১১.০০ টায়
সভার স্থান : সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে সভাপতি বলেন ইনস্টিটিউটের ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে। তিনি বলেন অধ্যকার সভায় ১ম কোয়ার্টারের কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি এবং বাস্তবায়নে করণীয় বিষয়সমূহ আলোচনা করা প্রয়োজন।

উপ-পরিচালক(প্রশাসন ও অর্থ) জনাব শাহাব উদ্দিন সরকার ইনস্টিটিউটের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি জানান কর্ম-পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ১ম সভা অদ্য অনুষ্ঠিত হচ্ছে। শুদ্ধাচার সম্পর্কিত প্রশিক্ষণ আগামী ২/১ দিনের মধ্যে আয়োজন করা হবে। তিনি আরো জানান ইনস্টিটিউটের কর্মপরিবেশ উন্নয়নের জন্য কর্ম-পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যেমন: উদ্যান পরিষ্কার পরিচ্ছন্ন করা, ফুলের চারা রোপন করা এছাড়া অফিস, শ্রেণীকক্ষ, আবাসিক ভবনের কক্ষ সমূহে নিয়মিত পরিষ্কার করা হচ্ছে।

সহকারী পরিচালক (অর্থ) জনাব মোঃ আব্দুল জাক্বার সভায় জানান বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং তা যথাযথ বাস্তবায়নের কার্যক্রম অব্যাহত আছে।


সহকারী পরিচালক (প্রশাসন) জনাব আবদুল কাইয়ুম সভায় জানান পরিকল্পনা অনুযায়ী প্রশাসনিক ভবনের ৪র্থ তলায় হেল্প ডেস্কসহ ডিজিটাল স্পেস স্থাপন করা হয়েছে এবং ৪র্থ তলায় ১টি টয়লেট মহিলাদের জন্য সংরক্ষণ করা হয়েছে। সভায় আরো জানানো হয় কর্ম-পরিকল্পনায় উল্লিখিত অংশীজনের অংশগ্রহণে ২টি সভার ১টি আগামী ২য় কোয়ার্টারের আয়োজন করা হবে।

উল্লিখিত বিষয়সমূহে আলোচনা শেষে সভাপতি কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে অবশিষ্ট সময়ে আন্তরিক থাকার জন্য সদস্যদের অনুরোধ করেন। তিনি সরকারি যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।
২. নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
৩. আগামী কোয়ার্টারে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করতে হবে।
৪. বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে পরিকল্পনা অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৬/০৯/২০২২

এ. কে. এম শামিমুল হক ছিদ্দিকী

মহাপরিচালক ও

সভাপতি

নৈতিকতা কমিটি


শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.১৮.০০৫.০০(অংশ-৩)

তারিখ: ২৬/৯/২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জনাব..... শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০৪। অফিস কপি।


২৬/৯/২২

শাহাব উদ্দিন সরকার

উপপরিচালক(প্রশাসন ও অর্থ)

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট